# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.► মি. শফিক 'A' দেশের একটি বেসরকারি কলেজের শিক্ষক। তার বড় ছেলে সরকারি মেডিকেল কলেজে অধ্যয়ন করছে। তিনি ছোট ছেলেকে 'B' দেশে উচ্চ শিক্ষার জন্য পাঠিয়েছেন। সে একটি সরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে। সেই দেশের সকলেই সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনা করে। কেননা সেখানে বেসরকারি কোনো প্রতিষ্ঠান নেই। সকল সিদ্ধান্ত সরকারিভাবে গৃহীত হয়।

ক. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা কী? ১
খ. সম্পদের দুষ্প্রাপ্যতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত 'A' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি 'B' দেশের অর্থব্যবস্থাকে সমর্থন করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২.► রাহেলার একটি বুটিক শপ আছে। এর থেকে তার মাসিক আয় ৩০,০০০ টাকা। তিনি পরিবারের ভরণ-পোষণ, সন্তানের শিক্ষা ব্যয় বাদে বাকি টাকা সঞ্চয় করেন। সঞ্চয়ের অর্থ থেকে এ বছর তিনি আরও ২টি সেলাই মেশিন ক্রয় করেন এবং কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. অর্থনৈতিক দ্রব্য কাকে বলা হয়? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. রাহেলার নতুন সেলাই মেশিন ক্রয়কে অর্থনীতিতে কী বলে? এ ধরনের কর্মকাণ্ড অর্থনৈতিক সমৃদ্ধি আনে— ব্যাখ্যা করো। ৩
ঘ. রাহেলার ব্যবসায়িক গুণাবলি কী সম্পদ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.► মোহসিন সাহেব একজন সীমিত আয়ের মানুষ। তার ক্ষেত্রে 'X' দ্রব্যের

Teachingbd24.com

চাহিদার সূচি দেওয়া হলো—

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ |
|---|---|
| ২০ | ৫ |
| ১৫ | ১০ |
| ১০ | ১৫ |

ক. চাহিদা সূচি কী? ১

খ. ভোগ ও ভোক্তা বলতে কী বোঝায়? ২

গ. 'X' দ্রব্যের চাহিদা সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩

ঘ. 'X' দ্রব্যের বিকল্প দ্রব্য 'Q' এর দাম হ্রাস পেলে রশিদ সাহেবের আচরণের কীরূপ পরিবর্তন হতে পারে? মতামত দাও। ৪

**৪.** ▶ 'ক' দারিদ্র্যপীড়িত মানুষ। জীবিকা অর্জনের জন্য সে পরিত্যক্ত সয়াবিনের বোতল সংগ্রহ করে। সে প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত এ বোতল কুড়ানোর কাজটি করে থাকে। সন্ধ্যায় সে একটি কারখানায় গিয়ে কুড়ানো বোতল বিক্রি করে থাকে। এভাবে তার কাজের মাধ্যমে উপযোগের সৃষ্টি হয়। অন্যদিকে কারখানাটি নতুন মডেলের বোতল তৈরি করে বাজারজাত করে থাকে। এর মাধ্যমে কারখানাটিও উপযোগ সৃষ্টি করে।

ক. অর্থনীতির ভাষায় উৎপাদন বলতে কী বোঝায়? ১

খ. কাঠ থেকে তক্তা তৈরি এবং বনের কাঠ শহরে আনার ফলে সৃষ্ট উপযোগের গুরুত্ব লেখ। ২

গ. উদ্দীপকে 'ক' এর কাজটিতে কোন ধরনের উৎপাদনের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নতুন ধরনের উৎপাদন সৃষ্টিতে উদ্দীপকের 'ক' এর ভূমিকা মূল্যায়ন কর। ৪

**৫.** ▶ বাপ্পি হাসান একটি গার্মেন্টিস শিল্পের মালিক। তার তিন ছেলেও দেশের বিভিন্ন স্থানে কয়েকটি ক্ষুদ্র শিল্প স্থাপন ও পরিচালনা করছে। এসব কারখানায় বহু লোকের কর্মসংস্থান হয়েছে। কিন্তু দেশে অবকাঠামোগত সুবিধা কম থাকায় অনেকে ইচ্ছা থাকলেও এ খাতে বিনিয়োগ করতে পারবে না।

ক. ব্যয় পদ্ধতি কী? ১

খ. নিট জাতীয় উৎপাদনের ধারণাটি লেখো। ২

গ. বাপ্পি হাসান দেশের অর্থনীতির যেভাবে অবদান রাখেন তার খাতের হিসাব কীভাবে করা হয় ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নে উক্ত খাতের প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৬.▶ মুনিয়া গত ১ বছরে ১ টাকা, ২ টাকা ও ১০ টাকার নোট ব্যক্তিগত মাটির ব্যাংকে জমা করে। পার্শ্ববর্তী দেশে ভ্রমণের জন্য টাকাগুলো নিয়ে ব্যাংকে রূপান্তর করতে গেল। কিন্তু ব্যাংক কর্মকর্তা তার কিছু টাকা ফেরত দিলেন এবং বাকি টাকার সমপরিমাণ ডলার প্রদান করলেন।

ক. কাগজি নোট কাকে বলে? ১
খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২
গ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারল না তা কোন প্রকার মুদ্রার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. মুনিয়া যে টাকাগুলো রূপান্তর করতে পারল পাঠ্যবইয়ের আলোকে তার প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

৭.▶ অমিত হাসান একটি আর্থিক প্রতিষ্ঠান চাকরি করেন। এ প্রতিষ্ঠানটি এক শ্রেণির জনগণের কাছ থেকে অর্থ আমানত হিসেবে আদায় করে ব্যবসায়িক উদ্দেশ্যে অপর শ্রেণির লোকদেরকে ঋণ প্রদান করে মুনাফা অর্জন করে থাকে। এ প্রতিষ্ঠানটি বহুমুখী কার্যাবলি সম্পাদন করে একটি দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে নানাভাবে সহায়তা করে থাকে।

ক. ফেডারেল রিজার্ভ সিস্টেম' কোন দেশের কেন্দ্রীয় ব্যাংক? ১
খ. বাণিজ্যিক ব্যাংক দীর্ঘমেয়াদি ঋণ দেয় না কেন? ২
গ. অমিত হাসান যে প্রতিষ্ঠানটিতে কর্মরত তার ধারণা ব্যাখ্যা করো। ৩
ঘ. অমিত হাসানের প্রতিষ্ঠানের সাথে কেন্দ্রীয় ব্যাংকের পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৮.▶ সুমন পড়ালেখা শেষ করে স্বাধীনভাবে কিছু করার চিন্তা করে। সে কয়েক বিঘা জমিতে বাণিজ্যিকভাবে শস্য ও শাসকবজি চাষ করে। পাশাপাশি কয়েকটি বিদেশি জাতের গরু দিয়ে খামার তৈরি করে। সে এখন দেশের জাতীয় আয়ে অবদান রাখছে।

ক. জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে? ১
খ. মোট জাতীয় ও নিট জাতীয় আয়ের মধ্যে পার্থক্য কী? ২
গ. সুমন কীভাবে দেশের জাতীয় আয়ে অবদান রাখছে ব্যাখ্যা করো। ৩
ঘ. উল্লিখিত বিষয়গুলো ছাড়া আর কোন খাতের মাধ্যমে সুমন দেশের অর্থনীতিতে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ করো। ৪

৯.▶ সাগর সদ্য মাস্টার্স পাস করা একজন বেকার যুবক। সে শীঘ্রই তার কর্মজীবন শুরু করতে চায়। তবে সে অনেক উৎকণ্ঠার সাথে লক্ষ্য করছে যে

https://teachingbd24.com

চাকরি পাওয়া অনেক কষ্টসাধ্য। তার যোগ্যতা, মেধা ও কাজ করার ইচ্ছা থাকলেও সে কাজ পাচ্ছে না।

ক. মানবসম্পদ কী? ১

খ. বেকারত্ব বলতে কী বোঝ? ২

গ. সাগরের বর্তমান অবস্থার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সাগরের বর্তমান অবস্থা থেকে উত্তরণের উপায় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১০.▶ ড. হুমায়ুন কবির সরকারের ব্যয়ের ওপর একটি গবেষণা পরিচালনা করতে গিয়ে দেখেন সরকারি ব্যয়ের খাত অনেক বিস্তৃত। শিক্ষা, জনপ্রশাসন ও স্বাস্থ্য খাতে সরকারকে প্রচুর অর্থ ব্যয় করতে হয়। কিন্তু আমাদের মতো উন্নয়নশীল দেশে ব্যয়ের খাতের তুলনায় আয়ের খাত অত্যন্ত সীমিত। তাই তিনি বাংলাদেশের আয়ের খাত বাড়ানোর জন্য কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেন।

ক. Excise Duties কী? ১

খ. সরকারি ব্যয় কাকে বলে? ২

গ. ড. হুমায়ুনের গবেষণায় বাংলাদেশ সরকারের ব্যয়ের কোন খাতগুলোর কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বাংলাদেশে ব্যয়ের তুলনায় আয়ের খাত অত্যন্ত সীমিত।' বাংলাদেশের আয়ের উৎসগুলো বিশ্লেষণ করে ড. হুমায়ুনের উক্তির সার্থকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ আরমান সাহেব একজন সরকারি চাকরিজীবী। তিনি সপ্তাহের ছুটির দিন বাজারে যান এবং তার সাথে অনেক ক্রেতা-বিক্রেতার সাক্ষাৎ হয়। হঠাৎ তিনি লক্ষ করলেন যে, গত সপ্তাহের চেয়ে পণ্যের দাম ও ক্রেতার সংখ্যা বেশি কিন্তু বিক্রেতা কম, তা সত্ত্বেও সাংসারিক প্রয়োজন মেটাতে তিনি কিছু পণ্য নগদে এবং কিছু পণ্য বাকিতে ক্রয় করেন। তিনি গত সপ্তাহে দাম ও ক্রেতার মধ্যে একটা সমতা লক্ষ করেছিলেন, যা এ সপ্তাহে অনুপস্থিত।

ক. ভর্তুকি কী? ১

খ. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে বাহ্যিক প্রভাব নেই কেন? ২

গ. আরমান সাহেব বাজারে এসে যে অবস্থার মুখোমুখি হন সেই বাজারটি কোন ধরনের বাজার তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে পূর্বের সপ্তাহে যে পদ্ধতিতে বাজারে দাম নির্ধারিত হয়েছিল তা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. উত্তম অর্থব্যবস্থা হিসেবে নিচের কোনটিকে গণ্য করা হয়?**

ক ধনতান্ত্রিক অর্থব্যবস্থা
খ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা
গ ইসলামি অর্থব্যবস্থা
ঘ মিশ্র অর্থব্যবস্থা

**২. কোন ধরনের অর্থব্যবস্থায় আয় বৈষম্য বেশি থাকে?**

ক ধনতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ ইসলামি ঘ মিশ্র

**৩. রোমানরা কী হিসেবে অধিক পরিচিত?**

ক সফল রাষ্ট্র পরিচালক
খ উদ্ভাবক
গ শ্রমিক
ঘ বিজ্ঞানী

**৪. প্রাচীন ভারতে কোন সময়ে কৌটিল্যের অর্থশাস্ত্র আলোচিত হয়?**

ক ৪র্থ খ্রিস্ট পূর্বে
খ ৫ম খ্রিস্ট পূর্বে
গ ৬ষ্ঠ খ্রিস্ট পূর্বে
ঘ ৭ম খ্রিস্ট পূর্বে

**৫. কর্মসংস্থানের দিক থেকে কোন খাতটি বাংলাদেশে সবচাইতে বড়?**

ক শিল্প খাত খ সেবা খাত
গ কৃষি খাত ঘ বাণিজ্য খাত

**৬. শ্রমিকের বেতন কোন ধরনের ব্যয়?**

ক প্রকাশ্য ব্যয় খ অপ্রকাশ্য ব্যয়
গ মোট ব্যয় ঘ প্রকৃত ব্যয়

**৭. নিচের কোনটি একচেটিয়া বাজারের পণ্য?**

ক ঔষধ খ বই
গ বাটাজুতা ঘ বিদ্যুৎ

**৮. বাজারের সংজ্ঞা দেন কে?**

ক কুর্নট খ মার্শাল
গ পিগু ঘ অ্যাডাম স্মিথ

**৯. মোট দেশজ উৎপাদনের পরিমাণ নির্ভর করে—**

i. হিসাবের ওপর
ii. সম্পদের ওপর
iii. নির্ধারকসমূহের ওপর

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১০. কোন দ্বীপে গন্ধকের সন্ধান পাওয়া গেছে?**

ক সেন্টমার্টিন খ নিঝুম
গ কুতুবদিয়া ঘ মনপুরা

**১১. ভোগের পরিমাণ বৃদ্ধির সাথে মোট উপযোগ কী হয়?**

ক ক্রমহ্রাসমান হারে বাড়ে
খ ক্রমহ্রাসমান হারে কমে
গ ক্রমান্বয়ে কমে
ঘ সমানুপাতিক হারে বাড়ে

**১২. জাতীয় আয়ের কতভাগ কৃষি থেকে আসে?**

ক প্রায় ৮% খ প্রায় ১১%
গ প্রায় ১৩% ঘ ১৭%

**১৩. সংগঠনকে অন্য পরিভাষায় কী বলে?**

ক সমন্বয়কারী খ উৎপাদক
গ বিনিয়োগকারী ঘ ভোক্তা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:**

রুমানা তার বাড়ির আঙ্গিনায় সাধারণ বীজ বচন করে প্রথম বছর যে পরিমাণ সবজি পায় পরের বছর উন্নত জাতের বীজ বপন করে তার চেয়ে বেশি সবজি পায়।

**১৪. রুমানা উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে কোনটির ব্যবহার পরিবর্তন করেছে?**

ক ভূমি খ শ্রম
গ প্রযুক্তি ঘ মূলধন

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. উৎপাদন ক্ষেত্রে এরূপ পরিবর্তন বৃদ্ধি ঘটায়—
i. GDP
ii. GNI
iii. NNI
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚⓗ ii
ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

১৬. কোনো বাজারে নতুন ফার্ম প্রবেশের কোন সুযোগ নেই?
ক) পূর্ণ প্রতিযোগিতার বাজার
খ) একচেটিয়া বাজার
গ) অলিগোপলি বাজার
ঘ) ডুয়োপলি বাজার

১৭. শাকসবজি ও মাছ বাজারকে কী বলে?
ক) অতি স্বল্পকালীন বাজার
খ) অতি দীর্ঘকালীন বাজার
গ) স্বল্পকালীন বাজার
ঘ) দীর্ঘকালীন বাজার

১৮. সার ও জনগণের মালিকানাধীন সম্পদকে কী বলে?
ক) ব্যক্তিগত খ) জাতীয়
গ) সমষ্টিগত ঘ) আন্তর্জাতিক

১৯. জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে?
ক) জাতীয় আয় খ) নিট আয়
গ) জিডিপি ঘ) মাথাপিছু আয়

২০. কোনটি সামাজিক অবকাঠামো?
ক) বন্দর খ) সেচ ব্যবস্থা
গ) জনস্বাস্থ্য ঘ) রেলপথ

২১. কত সাল থেকে বাংলাদেশে মূল্য সংযোজন কর চালু করা হয়েছে?
ক) ১৯৯০-৯১ খ) ১৯৯১-৯২
গ) ১৯৯২-৯৩ ঘ) ১৯৯৩-৯৪

২২. নিচের কোনটি কর বহির্ভূত আয়ের উদাহরণ?
ক) ভ্যাট
খ) কৃষি রাজস্ব
গ) টোল ও লেভি
ঘ) স্ট্যাম্প বিক্রয়

২৩. যে বাজেটে প্রত্যাশিত আয় ও সম্ভাব্য আয়ের পরিমাণ সমান থাকে তাকে কী বলে?
ক) অসম বাজেট খ) সুষম বাজেট
গ) উদ্বৃত্ত বাজেট ঘ) ঘাটতি বাজেট

২৪. চূড়ান্ত দ্রব্য ও সেবার মূল্য যোগ করে কোন পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপ করা হয়?
ক) উৎপাদন খ) আয়
গ) ব্যয় ঘ) মূলধন

২৫. চামড়া শিল্প কোন ধরনের শিল্প?
ক) বৃহৎ শিল্প খ) কুটির শিল্প
গ) ক্ষুদ্রায়তন শিল্প ঘ) মাঝারি শিল্প

২৬. যেসব কৃষকদের প্রান্তিক উৎপাদনশীলতা শূন্য তাকে কী বলে?
ক) সাময়িক বেকারত্ব খ) ছদ্মবেশী
গ) মৌসুমি বেকারত্ব ঘ) স্থায়ী বেকারত্ব

২৭. দেশের অর্থনীতিতে কেন্দ্রীয় ব্যাংকের অবদান—
i. ঋণ নিয়ন্ত্রণ করা
ii. সঞ্চয় বৃদ্ধি করা
iii. বিনিময়ের হার ঠিক রাখা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. মূলধন রক্ষণাবেক্ষণ ও ক্ষতিপূরণের ব্যয়কে বলা হয়—
ক) NNI খ) CCA
গ) CNI ঘ) NNP

২৯. বারুদ তৈরিতে নিচের কোনটি ব্যবহার করা হয়?
ক) গন্ধক খ) সিলিকা
গ) চীনামাটি ঘ) চুনাপাথর

৩০. কোন মহাদেশের অধিকাংশ দেশ অনুন্নত?
ক) এশিয়া খ) আফ্রিকা
গ) ল্যাটিন আমেরিকা ঘ) সবগুলো

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com